অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল গাঁজা ব্যবস্থাপনা অফিসে নতুন নেতৃবৃন্দের নিয়োগের ঘোষণা করলেন

নিয়োগপ্রাপ্তরা OCM এর পরিচালনাকে ঢেলে সাজানোর ক্ষেত্রে নেতৃত্ব প্রদান করবে এবং টাস্ক ফোর্সের প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management, OCM) তিনজন নতুন নেতৃবৃন্দের নিয়োগের ঘোষণা করেছেন, এটি গত মাসে এজেন্সির শুরু করা ব্যাপকভাবে পরিচালনাকে ঢেলে সাজানোর প্রক্রিয়ার অংশ। ফেলিশিয়া এ বি রিডকে নির্বাহী ডেপুটি পরিচালক এবং ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক হিসেবে দায়িত্ব প্রদানসহ এই নিয়োগসমূহ নেতৃবৃন্দের একটি দলকে প্রতিষ্ঠা করে যারা লাইসেন্সের আবেদন শেষ পর্যায়ে আটকে থাকার ইতি টানা, আবেদনকারী এবং লাইসেন্সধারীদের সাথে যোগাযোগ উন্নত করা, এবং মারিজুয়ানা প্রবিধান ও কর আইনে (Marihuana Regulation and Taxation Act) কোডিফাই করা সামাজিক সমতার লক্ষ্যের প্রতি এজেন্সির প্রতিশ্রুতি আরেকবার নিশ্চিত করার পরিবর্তন বাস্তবায়ন করবে।

"নিউ ইয়র্কের দেশসেরা গাঁজার বাজার যাতে সমৃদ্ধি করা অব্যাহত রাখে তা নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "নতুন এই নিয়োগপ্রাপ্তদের নিয়ে গাঁজা ব্যবস্থাপনা অফিস দেশের সবথেকে সমতার প্রাপ্তবয়স্ক ব্যবহারের বাজার সম্প্রসারণ করাতে মনোযোগ প্রদান অব্যাহত রাখতে পারবে এবং একই সাথে অবৈধ দোকানের বিরুদ্ধে অভিযান করতে পারবে।"

এছাড়াও গভর্নর ঘোষণা করেন যে দেশের সবথেকে বৈচিত্র্যময় এবং সমতার বৈধ গাঁজা মার্কেটপ্লেসের বিকাশ ও সমর্থন করার জন্য এজেন্সির কাজে নেতৃত্ব প্রদান করার জন্য OCM এর স্থায়ী নির্বাহী পরিচালকের জন্য দেশব্যাপী অনুসন্ধান করা হচ্ছে। সারা স্টেট এবং দেশ থেকে যোগ্য প্রার্থীদের সনাক্ত করার জন্য গভর্নরের নিয়োগ অফিস (Governor's Appointments Office) একটি অভিজ্ঞ রিক্রুটমেন্ট ফার্মের সাথে কাজ করবে।

ফেলিশিয়া এ বি রিডকে নির্বাহী ডেপুটি পরিচালক এবং ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। এই পদে দায়িত্ব পালনের সময় ফেলিশিয়া অফিসের মুখ্য পরিচালনা এবং নিয়ন্ত্রণমূলক কার্যক্রমের তত্ত্বাবধান করবেন, যেমন লাইসেন্স প্রদান, আইন মান্য করা এবং আইন বলবৎকরণ। OCM এর নেতৃবৃন্দ এবং কর্মীদের সাথে অংশীদারিত্বে তিনি

OCM মূল্যায়ন দলের (OCM Assessment Team) সুপারিশসমূহের বাস্তবায়নের ব্যবস্থাপনা করবেন।

ফেলিশিয়ার স্টেট সরকারে এক দশকের বেশি অভিজ্ঞতা রয়েছে এবং গত ছয় বছর তিনি শিশু ও পরিবার পরিষেবা অফিসে (Office of Children and Family Services) কাজ করেছেন, যার মধ্যে রয়েছে ডেপুটি কমিশনার হিসেবে স্টেটব্যাপী জুভেনাইল জাস্টিস কর্মকাণ্ডের তত্ত্বাবধান করা। তিনি নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশনের (New York State Bar Association) অনুমোদনপ্রাপ্ত এবং নিউ ইয়র্ক ল স্কুল (New York Law School) থেকে তার আইন ডিগ্রি অর্জন করেছেন। এছাড়াও তার ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি (Fordham University) থেকে একটি ব্যাচেলর অফ আর্টস ডিগ্রি রয়েছে।

গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী ডেপুটি পরিচালক এবং ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক ফেলিশিয়া এ বি রিড বলেন, "এজেন্সির কাজ সম্প্রসারণ করতে, সেরা অভ্যন্তরীণ ও বাহ্যিক অনুশীলন স্থাপন করতে, এবং নিউ ইয়র্কের গাঁজা শিল্পখাত যাতে ক্ষুদ্র ব্যবসা ও ভোক্তাদের প্রয়োজন পূরণ করতে গড়ে তুলতে মনোযোগ প্রদান করার জন্য OCM এ সকলের সাথে এবং স্টেটব্যাপী আমাদের সকল অংশীদারদের সাথে কাজ করার জন্য আমি উদগ্রীব। গাঁজা আমাদের স্টেটের জন্য একটি বিশাল সুযোগ, এবং OCM এর কাজ যাতে এই সুযোগকে অ্যাক্সেসিবল, স্বচ্ছ, এবং শিল্পখাতের গতিবেগ ও ধারার প্রতি সাড়াদান করতে সক্ষম করে তা নিশ্চিত করা OCM এর দায়িত্ব।এই সুযোগের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাহি এবং OCM এর অগ্রগামী পথের কেন্দ্রে সমতাকে রেখে কাজ করার জন্য আমি উন্মুখ।"

সুসান ফিলবার্নকে প্রধান প্রশাসনিক কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। নতুন এই পদটির মূল উদ্দেশ্য হবে লাইসেন্স প্রদান, আইন মান্য করা এবং আইন বলবৎকরণ কর্মকান্ডকে সমর্থন করার জন্য এজেন্সির প্রশাসনিক কার্যক্রমকে স্থিতিশীল ও আনুষ্ঠানিক করা। এছাড়াও তিনি লাইসেন্স পর্যালোচনা প্রক্রিয়াকে সরলীকৃত করতে এবং সাড়াদান উন্নত করতে প্রক্রিয়ার উন্নয়ন বাস্তবায়ন করার জন্য লাইসেন্স প্রদানকারী এবং প্রযুক্তি দলের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন।

সুসানের স্টেট সরকারে 20 বছরের বেশি অভিজ্ঞতা আছে, এর মধ্যে গত চার বছর তিনি শ্রম বিভাগের (Department of Labor) চাকরি নিরাপত্তার ডেপুটি কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেছেন। সুসান একজন মার্কিন সেনাবাহিনীর ভেটেরান এবং তিনি একজন এভিয়েশন অফিসার হিসেবে বহু সংখ্যক অবস্থানে দায়িত্ব পালন করেছেন। সুসানের সিরাকিউজ ইউনিভার্সিটির (Syracuse University) ম্যাক্সওয়েল স্কুল (Maxwell School) থেকে জনপ্রশাসনে একটি মাস্টার্স ডিগ্রি, এবং সেই সাথে ওয়েস্ট পয়েন্টে মার্কিন যুক্তরাষ্ট্রের মিলিটারি একাডেমি (United States Military Academy) থেকে একটি ব্যাচেলর অফ সাইন্স ডিগ্রি রয়েছে।

জেসিকা উলফোর্ডকে এক্সটার্নাল অ্যাফেয়ার্সের পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। এই পদে দায়িত্ব পালনরত অবস্থায় তিনি নিশ্চিত করবেন যাতে এজেন্সি কর্তৃক রূপান্তরমূলক পরিবর্তন বাস্তবায়ন করার সময় যোগাযোগ এবং সম্প্রদায়ের জড়িতকরণকে অগ্রাধিকার প্রদান

করা হয়। এছাড়াও তিনি আবেদনকারী, লাইসেন্সধারী এবং ভোক্তাদেরকে এজেন্সির প্রক্রিয়া এবং মার্কেটপ্লেস সম্পর্কে স্বচ্ছতা প্রদান করার জন্য এজেন্সির প্রথম গ্রাহক সেবা দল গঠন করবেন।

জেসিকা এর পূর্বে OCM এর যোগাযোগ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং বিগত নয় মাস ধরে কঠিন স্থানান্তরের সময় দক্ষতার সাথে এজেন্সির বাহ্যিক যোগাযোগের নেতৃত্ব প্রদান করেছেন। সরকার এবং সামাজিক ন্যায়বিচার সংগঠনের সাথে কাজ করার তার এক দশকের বেশি অভিজ্ঞতা রয়েছে, এবং তিনি উইলিয়ামস কলেজ (Williams College) থেকে আফ্রিকান স্টাডিজ কেন্দ্রিক ইতিহাসে একটি ব্যাচেলর্স ডিগ্রি পেয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন